# 📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৭

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

আরবী

عَن عُثْمَان بن أبي الْعَاصِ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «يَا رَسُولَ اللَّهِ إِنَّ الشَّيْطَانَ قَدْ حَالَ بيني وَبَين صَلَاتي وقراءتي يُلَبِّسُهَا عَلَيَّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاكَ شَيْطَانٌ يُقَالُ لَهُ خِنْزِبٌ فَإِذَا أَحْسَسْتَهُ فَتَعَوَّذْ بِاللَّهِ مِنْهُ وَاتْفُلْ عَلَى يسارك ثَلَاثًا قَالَ فَفَعَلْتُ ذَلِكَ فَأَذْهَبَهُ اللَّهُ عَنِّي» . رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৭৭-[১৫] ’উসমান ইবনু আবুল ’আস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল! শায়ত্বন (শয়তান) আমার সালাত (সালাত/নামায/নামাজ) ও ক্বিরাআতের মধ্যে অন্তরায় হয়ে দাঁড়ায় এবং সে আমার মনে সন্দেহ-সংশয় তৈরি করে দেয়। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ঐটা একটা শায়ত্বন (শয়তান) যাকে ’খিনযাব’ বলা হয়। যখন তোমার (মনে) তার উপস্থিতি অনুভব করবে, তখন তা হতে তুমি আল্লাহ তা’আলার নিকট আশ্রয় চাইবে এবং বামদিকে তিনবার থু থু ফেলবে। [’উসমান (রাঃ) বলেন] আমি [রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশ অনুযায়ী] এরূপ করলে আল্লাহ তা’আলা আমার নিকট হতে শায়ত্বন (শয়তান) দূর করে দেন।[1]

## English

‘Uthman b. Abul-'As said he told God’s messenger that the devil interfered with his prayer and his recitation of the Qur’an, causing confusion in his mind, and God’s messenger replied, “That is a devil called Khinzab; so when you feel his presence seek refuge from him in God and spit three times on your left side.” ‘Uthman did so and God caused him to depart from him.

Muslim transmitted it.

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২২০৩, আহমাদ ১৭৮৯৭, সহীহ আত্ তারগীব ১৬১৫, মুসান্নাফ ‘আবদুর রাযযাক্ব ৪২২০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يُلَبِّسُهَا عَلَيَّ) অর্থাৎ- সালাতে গোলমাল বাধিয়ে দেয় এবং ক্বিরাআত (কিরআত) এবং সালাত (সালাত/নামায/নামাজ) উভয়ের মধ্যেই সন্দেহে ফেলে দেয়।

(ذَاكَ شَيْطَانٌ يُقَالُ لَهٗ خِنْزَبٌ)-এ গোলমাল সৃষ্টিকারী একজন বিশেষ শায়ত্বনের (শয়তানের) নাম খিনযাব।

হাদীসের শিক্ষাঃ এ হাদীস থেকে সাব্যস্ত হয় যে, সালাতরত অবস্থায় প্রয়োজনে থুথু ফেলা যায় এতে সালাত বিনষ্ট হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উসমান ইবন আবুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54635

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন